



ত্রিপুরা সরকার
অগ্নি নির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তর

No. F. 4-9/TFES/2022/

Dated: 24th May, 2022.

নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরা অগ্নি নির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তরের গত ০৬ই মে ২০২২ ইং তারিখের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি নং No.F.4-9/TFES/2022/3963 মূলে যোগ্য প্রার্থীদের কাছ থেকে সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। জেলাভিত্তিক আবেদন পত্রের জমা দেওয়ার স্থান ও তারিখ এবং জেলাভিত্তিক রিক্রুটম্যান্ট র্যালীর সম্ভাব্য তারিখ নিম্নে দেওয়া হল।

জেলা	আবেদন পত্র জমা দেওয়ার স্থান	আবেদন পত্র জমা দেওয়ার তারিখ	জেলাভিত্তিক রিক্রুটম্যান্ট র্যালীর সম্ভাব্য তারিখ
পশ্চিম ত্রিপুরা	ফায়ার সার্ভিস ট্রেনিং স্কুল, মাতৃপল্লী, বাধারঘাট	২৭শে মে, ২০২২ থেকে	০৩-০৮-২০২২ থেকে ০৭-০৮-২০২২
খোয়াই জেলা	খোয়াই ফায়ার স্টেশন	১০ই জুন, ২০২২	০৩-০৭-২০২২ থেকে ০৬-০৭-২০২২
সিপাহীজলা জেলা	বিশ্রামগঞ্জ ফায়ার স্টেশন		২৮-০৭-২০২২ থেকে ৩১-০৭-২০২২
গোমতী জেলা	উদয়পুর ফায়ার স্টেশন	প্রতিদিন সকাল ১০ ঘটিকা থেকে বিকাল ৫.৩০ মিনিট পর্যন্ত	২২-০৭-২০২২ থেকে ২৫-০৭-২০২২
দক্ষিণ ত্রিপুরা জেলা	বিলোনিয়া ফায়ার স্টেশন		১৬-০৭-২০২২ থেকে ১৯-০৭-২০২২
উনকোটি জেলা	কৈলাশহর ফায়ার স্টেশন		২১-০৬-২০২২ থেকে ২৪-০৬-২০২২
উত্তর ত্রিপুরা জেলা	ধর্মনগর ফায়ার স্টেশন		১৫-০৬-২০২২ থেকে ১৮-০৬-২০২২
ধলাই জেলা	আমবাসা ফায়ার স্টেশন		২৭-০৬-২০২২ থেকে ৩০-০৬-২০২২

আবেদন পত্রের সঙ্গে সবাইকে পরিচয়, নাগরিকত্ব, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা ইত্যাদির প্রমাণ সাপেক্ষে নিম্নলিখিত প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত ফটোকপি জমা দিতে হবে এবং পরবর্তীতে রিক্রুটম্যান্ট র্যালী সময় প্রত্যেকটি স্ব-প্রত্যয়িত ফটোকপির আসল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দেখাতে হবে।

- পরিচয়ের প্রমাণ পত্র (আধার কার্ড/ ভোটার পরিচয় পত্র)।
- স্থায়ী বসবাসের সার্টিফিকেট (পি আর টি সি/ সিটিজেনশিপ সার্টিফিকেট/ পাসপোর্ট)।
- শিক্ষাগত এবং কারিগরী যোগ্যতার প্রমাণ।
- বয়সের প্রমাণ (মাধ্যমিকের এডমিট কার্ড বা সার্টিফিকেট/ বার্থ সার্টিফিকেট)।
- এস সি এবং এস টি সার্টিফিকেট।
- যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে হোমগার্ড, সিভিল ডিফেন্স এবং এক্স-সার্ভিসম্যানের প্রমাণপত্র।
- ভারী গাড়ী চালানোর জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স ০২ বৎসর বা তার বেশী পুরানো (শুধু মাত্র ড্রাইভার পদের জন্য)।
- যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে নো-অবজেকশন সার্টিফিকেট (শুধুমাত্র চাকুরীজীবীদের জন্য)
- আবেদনকারির ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ ফটো (অতি সম্প্রীতি তোলা)।

বিশেষ দৃষ্টব্য:

- প্রত্যেক প্রার্থী তাদের স্থায়ী বসবাসের সার্টিফিকেট অনুযায়ী শুধুমাত্র তাদের নিজ নিজ জেলাস্থিত আবেদন পত্র জমা দেওয়ার নির্দিষ্ট স্থানে স্বশরীরে উপস্থিত থেকে আবেদন পত্র জমা দিতে পারবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট জেলায় অনুষ্ঠিত রিক্রুটম্যান্ট র্যালীতে অংশ গ্রহন করতে পারবে। আবেদন পত্র জমা দেওয়ার সময় প্রত্যেক প্রার্থীকে তাদের নিজ নিজ আবেদন পত্রের এক কপি জেরক্স নিয়ে আসতে হবে যাতে আবেদন পত্র জমা দেওয়ার ক্রমিক নাম্বার ইত্যাদি দেওয়া হবে। পরবর্তীতে ক্রমিক নাম্বারসহ ঐ আবেদন পত্রের জেরক্স কপি ব্যাতিত কোন প্রার্থীকে রিক্রুটম্যান্ট র্যালীতে অংশ গ্রহন করতে দেওয়া হবেনা। অসম্পূর্ণ আবেদন পত্র এবং উপরিউক্ত প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত ফটোকপি ছাড়া কোন আবেদন পত্র গ্রহন করা হবেনা। আবেদন পত্রের নুমনা নিম্নে দেওয়া হল যা দপ্তরের ওয়েবসাইটেও (<https://fireservice.tripura.gov.in>) পাওয়া যাবে।
- ক্যাটাগরী ও পদ ভিত্তিক নিয়োগ র্যালীর তারিখ, স্থান এবং মোট পদের বিভিন্ন ক্যাটাগরী ভিত্তিক সংক্ষরনের বিবরণ আগামী জুন মাসের ১৩ তারিখের মধ্যে দপ্তরের উপরিউক্ত ওয়েবসাইটে দেওয়া হবে।

অতিরিক্ত সচিব এবং অধিকর্তা
স্বরাষ্ট্র (অগ্নি নির্বাপক ও জরুরী পরিষেবা) দপ্তর
ত্রিপুরা, আগরতলা।